

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 08 July, 2025

প্রাণঘাতী কোভিড-১৯ ভাইরাসের ওমিক্রন ভ্যারিয়েন্ট মোকাবেলায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীদের উদ্যোগে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি ক্যাম্পেইন পরিচালনা করেছে।

গত ২৪ জুন থেকে ৫ জুলাই ২০২৫ পর্যন্ত, মোট দশদিনব্যাপী কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও আশপাশের এলাকায় কোভিড-১৯ ও ওমিক্রন ভ্যারিয়েন্ট বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একাধিক কার্যক্রম চালানো হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে প্রচারপত্র বিলি, এবং বিশ্ববিদ্যালয়ের প্রবেশমুখে সচেতনতামূলক পোস্টার লাগানো, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে লিফলেট বিতরণসহ আশেপাশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে মাস্ক বিতরণ ও সচেতনতামূলক আলোচনা করা হয়েছে।

প্রচারপত্র এবং পোস্টারে কোভিড-১৯ এর সংক্রমণ কিভাবে ছড়ায়, বর্তমান সময়ে ছড়িয়ে পড়া ওমিক্রন ভ্যারিয়েন্টের লক্ষণ, কাদের ঝুঁকি বেশি, এবং প্রতিরোধের উপায় সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। এছাড়া, আক্রান্ত হলে কীভাবে তা মোকাবেলা করা যায়, সে সম্পর্কেও গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরা হয়েছে।

এ বিষয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল চীফ ডা. সোহাগ বলেন, "আমাদের সচেতনতাই কোভিড-১৯ এর নতুন ভ্যারিয়েন্ট তথা ওমিক্রন প্রতিরোধে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমাদের সবাইকে নিয়মিত হাত ধোয়া, মাস্ক পরা এবং শারীরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে হবে, যাতে এই করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকানো যায়।"

এ উদ্যোগের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও সন্তোষ প্রকাশ করেছে। তারা বলেছে, "কুমিল্লা বিশ্ববিদ্যালয় সবসময় সঠিক তথ্য ছড়িয়ে দিতে এবং শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষায় সচেতন করতে অঙ্গীকারবদ্ধ। এমন উদ্যোগের মাধ্যমে আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সামাজিক দায়িত্ব পালন করছে।"

উক্ত ক্যাম্পেইনের পরিচালকদের একজন মো. আতিকুর রহমান তনয় বলেন, "আমরা একটি কোর্সের অধীনে ক্যাম্পেইনটি পরিচালনা করছি। আমাদের এসইনমেন্ট ছিলো একটি ক্যাম্পেইন করা এবং যেহেতু করোনা ত্র নতুন ভ্যারিয়েন্ট আক্রান্তের সংখ্যা দিনদিন বাড়ছে তাই আমরা শিক্ষার্থী হিসেবে সামাজিক দায়িত্ববোধের জায়গা থেকে এ নিয়ে ক্যাম্পেইন পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করি। আমরা বেশ ভালোভাবে ১০ দিনের ক্যাম্পেইনটি সম্পন্ন করতে পেরেছি। আমাদের পরিকল্পনা আছে কুমিল্লা জেলা প্রশাসকের সাথে কথা বলে ক্যাম্পেইনটি কুমিল্লা শহরেও পরবর্তীতে পরিচালনা করার। করোনার প্রতিরোধই এটিকে প্রতিকার করার সর্বোত্তম উপায়।"

উল্লেখ্য, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা তাদের 'পাবলিক রিলেশনস' কোর্সের অধীনে এসইনমেন্ট হিসেবে ক্যাম্পেইনটি পরিচালনা করেছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:25

URL: <https://timestodaybd.com/public/campus/4458276786>